



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৯ সেপ্টেম্বর ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১০.০০ টায় প্রশাসন ভবনের সিন্ডিকেট সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এবং ডাচ বাংলা ব্যাংক লিমিটেডের মধ্যে এগ্রিমেন্ট সাইনিং সেরিমনি অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমাদের সকলকে একযোগে কাজ করে যেতে হবে। শিক্ষার্থীদের সহ বিশ্ববিদ্যালয়ের সকলের জন্য ডিজিটাল কার্যক্রম ব্যবহার নিশ্চিতকরণে আজকের স্বাক্ষরিত চুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো.আনয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড.এস এম সাইফুল ইসলাম, কম্পিউটার ও তথ্য কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. মো. রেজা সেলিম, ডাচ বাংলা ব্যাংক লিমিটেড, সিলেট শাখার সিনিয়র এসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট জনাব মো. তাহমিদ বখত চৌধুরী প্রমুখ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্কুল অব লাইফ সাইন্সেসের ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব এপ্লাইড সাইন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশানের ডিন প্রফেসর ড. মো. মনিরুল ইসলাম, ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির পরিচালক প্রফেসর ড. এম. শাহিদুর রহমান, স্কুল অব স্যোশাল সাইন্সেসের ডিন প্রফেসর ড. মো. ফয়সল আহমেদ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ অনোয়ার হোসেন, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদিন, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মুজিবুর রহমান, ডাচ বাংলা ব্যাংক লিমিটেডের উপশহর শাখার ম্যানেজার মোহাম্মদ নাজমুল হক, ডেপুটি ম্যানেজার শামীম আহমেদ চৌধুরী প্রমুখ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার